দৈনিক সংবাদ

তারিখ ...07 MAY 1995...
পৃষ্ঠা 7 কলাম 6

# লালবাগের ৪শ' শিক্ষক বেতন-বোনাস পাননি

## অজুহাত : কাজ শেষ হয়নি

(নিজস্ব বার্তা পরিবেশক)

লালবাগ থানার ৪০টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রায় ৪ শতাধিক শিক্ষক এখনো পর্যন্ত ঈদের বোনাস ও গত মাসের বেতন পাননি। সংশ্লিষ্ট থানা শিক্ষা অফিসার চেক না দেয়ায় তারা বেতন-বোনাস তুলতে পারছেন না বলে অভিযোগ

লালবাগ : পৃঃ ২ কঃ ৩

## লালবাগ : বেতন পাননি

( ১ম পৃষ্ঠার পর )

পাওয়া গেছে।

থানার ৪০টি স্কুলের শিক্ষক-শিক্ষিকাদের শিশু জরিপের কাজ দেয়া হয়েছে। জরিপ রিপোর্ট এখনো জমা দেয়া হয়নি বলেই চেক আটকে রাখা হয়েছে। বলা হয়েছে, ৮ই মে'র মধ্যে জরিপ রিপোর্ট দেয়ার পরই বেতন-বোনাস দেয়া হবে।